

৭। মধ্যযুগে বাংলায় সুফি সাহিত্যের যে বিভিন্ন ধারাগুলি গড়ে উঠেছিল তার সংক্ষিপ্ত পরিচয় দাও। এর মধ্যে যুক্তসাধনার কোনো ইঙ্গিত রয়েছে বলে কি তুমি মনে কর? ৮+২

অথবা

৮। সংক্ষিপ্ত পরিচয় দাও (যে-কোনো দুটি) ২×৫=১০

ক) সৈয়দ সুলতান রচিত 'নবীবংশ'

খ) বাংলায় লেখা জঙ্গনামা

গ) 'যয়নবের চৌতিশা'

কলা স্নাতকোত্তর অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০২৩

(প্রথম বর্ষ, প্রথম সিমেস্টার)

বাংলা

কোর্স : পি জি ১.২

বাংলা সাহিত্য ও সংস্কৃতির ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলি সমমানের। ৩×১০=৩০

১। বাংলায় পাল ও সেন যুগে সাহিত্যচর্চার উল্লেখযোগ্য দিকগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

অথবা

২। মধ্যযুগের বর্ণাশ্রম ব্যবস্থার প্রসঙ্গ বাংলা মঙ্গলকাব্যে কীভাবে উঠে এসেছে আলোচনা করো।

৩। সুলতানি আমলে রচিত বাংলা সাহিত্যে রাজপৃষ্ঠপোষকতা কীভাবে সাহিত্য-রচনায় প্রভাব বিস্তার করেছিল? যুক্তিসহ আলোচনা করো।

অথবা

৪। নবাবি আমলে রচিত সাহিত্যে সমকালীন আর্থ-সামাজিক ও সাংস্কৃতিক দিকগুলি কীভাবে প্রতিফলিত হয়েছে উদাহরণসহ আলোচনা করো।

৫। কুন্তিবাসী রামায়ণকে কি প্রকৃতপক্ষে অনুবাদ-সাহিত্য বলা যায়? এই বিষয়ে তোমার মতামত জানাও।

অথবা

৬। চৈতন্য-সমসাময়িক বৈষ্ণব পদাবলির সঙ্গে চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলির একটি তুলনামূলক আলোচনা করো।